



জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

বিষয়: “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন)

তারিখ : ২৫ অক্টোবর ২০২২

সময় : সকাল ১১.০০ ঘটিকা


স্থান : কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষ

উপস্থিত সদস্য : কমিটির সকল সদস্যবৃন্দ।

কোম্পানির প্রধান কার্যালয়ের কমিটি কক্ষে গত ২৫ অক্টোবর ২০২২ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্বে “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্য বিষয়াদি ও গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণকারী
(১)	(২)	(৩)	(৪)
০১।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” হালনাগাদ করণ।	কোম্পানির সিটিজেন চার্টারের কলাম নং-৭ ও ৮ এ অন্তর্ভুক্ত বেশ কয়েকজন দায়িত্ব প্রাপ্ত ও উর্ধ্বতন কর্মকর্তার বদলি জনিত কারণে তা হালনাগাদ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। এপ্রেক্ষিতে, “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” দ্বিতীয় ত্রৈমাসিক-এ হালনাগাদ করা ও ওয়েবসাইটে প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব এবং ব্যবস্থাপক আইটি শাখা।
০২।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ে আরডিডি হবিগঞ্জ এর আওতাধীন আবিকা সমূহের সমন্বয়ে সভার আয়োজন।	“কোম্পানির গ্রাহক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২২-২০২৩) কার্যক্রম নং- [১.৩] মোতাবেক কোম্পানির আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (সিলেট পূর্ব, সিলেট পশ্চিম, সিলেট উত্তর, সিলেট দক্ষিন) এর সমন্বয়ে গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রথম ত্রৈমাসিক-এ সভা অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় কোম্পানির হবিগঞ্জ আরডিডি আওতাধীন আঞ্চলিক বিতরণ কার্যালয় (নবিগঞ্জ, হবিগঞ্জ, শাজিবাজার) এর সমন্বয়ে চলতি ত্রৈমাসিক-এ দ্বিতীয় সভা আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটি ও উপ-মহাব্যবস্থাপক (আরডিডি হবিগঞ্জ) বিপণন ডিভিশন (দক্ষিন)।
০৩।	৩য় ত্রৈমাসিকের জন্য “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ক কমিটি পুনর্গঠনের নথি উপস্থাপন।	৩য় ত্রৈমাসিকের জন্য “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” বিষয়ক কমিটি পুনর্গঠনের নথি উপস্থাপন করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	“কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সদস্য সচিব এবং প্রশাসন ডিভিশন।

এছাড়া, ১ম ত্রৈমাসিক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন হয়েছে বলে সভায় উপস্থিত সলকে অভ্যর্থনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন)  
মহাব্যবস্থাপক (অপারেশন)  
ও  
আহবায়ক

**বিতরণঃ**

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর / বিপণন-দক্ষিন / প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। “কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)” পরিবীক্ষণ ও হালনাগাদকরণ সংক্রান্ত কমিটির সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

**অনুলিপিঃ**

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।